নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি জুমু‘আর দিন সিয়াম পালন করতে নিষেধ করেছেন? তিনি বললেন, হ্যাঁ।

মুহাম্মাদ ইবন আব্বাদ ইবন জাফর থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি জাবির ইবন আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করলাম, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি
জুমুআর দিনে নফল সাওম পালনে নিষেধ করেছেন? তিনি বললেন, হ্যাঁ।” অন্য বর্ণনায় এসেছে: “কা‘বার রবের কসম”।
[সহীহ] [এটি নাসাঈ বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

জুমুআর দিন যেহেতু মুসলিমদের জন্য ঈদ, তাই শরীয়ত প্রণেতা ঐ দিনকে সাওম বা সালাতের জন্য নির্দিষ্ট করতে নিষেধ করেছেন; বরং সাওম পালন করতে চাইলে তার পূর্বে বা পরে একদিন মিলিয়ে নিবে। অথবা অভ্যাসের রোজার অন্তর্ভুক্ত হলে রাখতে পারবে। এটা এই জন্য যে, সাধারণ লোকেরা যেন ধারণা না করে যে, জুমুআর দিনকে অন্যান্য দিনের চেয়ে অতিরিক্ত ইবাদত বা আমল দ্বারা বিশেষিত করা ওয়াজিব।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4526